গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
অধিশাখা-০২ (মাঠ প্রশাসন)
www.minland.gov.bd

নম্বর-৩১.০০.০০০০.০৪৬.৬৮.০১৭.১৬.১৬১

২২ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ
তারিখ:---------------------------
০৬ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

# পরিপত্র

**বিষয়: সহকারী কমিশনার (ভূমি) পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান সংক্রান্ত।**

জনগণের কাঙ্খিত সেবা প্রদান, মাঠ প্রশাসনের গতিশীলতা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুষ্ঠু জনবল ব্যবস্থাপনায় রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (The State Acquisition and Tenancy Act, 1950); প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫, ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ১৯৯০ এবং তৎসহ সংশ্লিষ্ট পরিপত্র/বিধিমালা অনুসারে সহকারী কমিশনার (ভূমি) মাঠ পর্যায়ে ভূমি রাজস্ব প্রশাসনে জমির নামজারি, জমাভাগ ও জমা একত্রীকরণ এবং রেকর্ড সংশোধন, সরকারি খাসজমি ও অকৃষি জমি ব্যবস্থাপনা, সায়রাত মহাল ব্যবস্থাপনা, অবৈধ দখলদার উচ্ছেদ, রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনা ও নিষ্পত্তি তথা সর্বোপরি ডিজিটাল ভূমি ব্যবস্থাপনা বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকেন।

০২। প্রায়শই দেখা যায় যে, পদোন্নতি, বদলি, শিক্ষা ছুটি ইত্যাদি কারণে উপজেলা/রাজস্ব সার্কেলের সহকারী কমিশনার (ভূমি)'র উল্লেখযোগ্য সংখ্যক পদ শূন্য থাকে। তাছাড়া, উপজেলা নির্বাহী অফিসারগণ সরকারের প্রতিনিধি হিসাবে বহুমাত্রিক দায়িত্ব পালন করেন। অতিরিক্ত দায়িত্ব পালনকারী কর্মকর্তা হিসেবে তাঁর পক্ষে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিসে বাস্তবভিত্তিক কারণেই যথেষ্ট সময় দেওয়া সম্ভব হয় না। ফলে, জনগণ যথাসময়ে তাদের প্রত্যাশিত সেবা পাচ্ছেন না। অথচ স্বচ্ছ, দক্ষ ও জনবান্ধব ভূমি ব্যবস্থাপনা ভূমি মন্ত্রণালয়ের ভিশন। তাছাড়া, মহানগরী, প্রশাসনিক, অর্থনৈতিক, ভৌগোলিক, দুর্গম, আয়তন, অবস্থান ইত্যাদি দিক বিবেচনা করলে একেকটি উপজেলা/সার্কেল-এর গুরুত্ব একেক প্রকৃতির।

০৩। উপর্যুক্ত প্রেক্ষাপটে সহকারী কমিশনার (ভূমি) পদে বদলি/পদায়নের ক্ষেত্রে বিভাগীয় কমিশনারকে নিম্নবর্ণিত বিষয়গুলি অনুসরণ করার জন্য অনুরোধ করা হল:

(ক) ভূমি সংক্রান্ত কাজের পরিমান, ব্যাপকতা, বহুমাত্রিকতা, জনসম্পৃক্ততা, অধিগ্রহণ, ভূমি হুকুমদখলসহ রাষ্ট্রীয় উন্নয়ন কাজ ইত্যাদি বিষয় বিবেচনা করে সহকারী কমিশনার (ভূমি) পদে পদায়ন/নিয়োগ/বদলির ক্ষেত্রে অগ্রাধিকার নির্ধারণ করা;

(খ) জনসম্পৃক্ততা বিবেচনা করে সকল মহানগরীতে অবস্থিত রাজস্ব সার্কেল/সহকারী কমিশনার (ভূমি)-এর শূন্য পদ পূরণ করা;

(গ) অর্থনৈতিক অঞ্চল/বেজা/অর্থনৈতিকভাবে বিশেষ গুরুত্বপূর্ণ এমন অঞ্চলকে অগ্রাধিকার প্রদান;

(ঘ) সকল উপজেলা সদর/পৌর এলাকাভুক্ত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) পদায়ন করা;

(ঙ) অপেক্ষাকৃত বেশি ইউনিয়ন পরিষদ, জনসংখ্যা, গুরুত্বপূর্ণ স্থাপনা ইত্যাদি উপজেলার পদ পূরণ করা;

(চ) নিকটবর্তী যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা উন্নত/ভাল অথচ আয়তন ও জনসংখ্যা কম এমন উপজেলার জন্য সহকারী কমিশনার (ভূমি) কে নিজ দায়িত্বের অতিরিক্ত পার্শ্ববর্তী উপজেলার দায়িত্ব প্রদান করা যেতে পারে। এক্ষেত্রে বিভাগীয় কমিশনার তাঁকে আর্থিক ক্ষমতা প্রদান করতে পারবেন;

(ছ) অপেক্ষাকৃত দুর্গম, প্রাকৃতিক/ভৌগলিক কারণে অন্য উপজেলা থেকে বিচ্ছিন্ন, অধিকতর দূরত্ব এমন উপজেলার জনগণের সেবা প্রাপ্তির বিষয় বিবেচনা করে একক দায়িত্ব প্রদান;

(জ) কোন উপজেলায় পূর্ণকালীন সহকারী কমিশনার (ভূমি) অথবা অতিরিক্ত দায়িত্ব প্রদান করা না গেলে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তা অতিরিক্ত দায়িত্ব পালন করতে পারেন;

(ঝ) অতিরিক্ত দায়িত্ব প্রদানের ক্ষেত্রে একই জেলার বিষয় বিবেচনা করা;

(ঞ) বহুবিধ/বহুমাত্রিক কাজ থাকায় মহানগরী ও উপজেলা সদরে নিয়োজিত সহকারী কমিশনার (ভূমি) কে সার্বক্ষণিক দায়িত্ব পালনে সার্বিক সহায়তা প্রদান/অন্যান্য প্রশাসনিক কাজে তাদেরকে নিয়োগ/দায়িত্ব প্রদানে নিরুৎসাহিত করা;

(ট) অপেক্ষাকৃত জটিল ও কাজের পরিধি ও ব্যাপকতা থাকায় প্রথম বারে মহানগরীতে পদায়ন না করা; এবং

(ঠ) কিছু সময়ের অভিজ্ঞতা, দক্ষতা ও সততার বিচারে মহানগরীতে পদায়ন করা।

০৪। উপর্যুক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয় কর্তৃক এতদসংক্রান্ত পূর্বের সকল নির্দেশনা/আদেশ বাতিল বলে গণ্য হবে।

০৫। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।


মোঃ মাক্ছুদুর রহমান পাটওয়ারী<br>
ভারপ্রাপ্ত সচিব<br>
ভূমি মন্ত্রণালয়।<br>
ফোন: +৮৮০২৯৫৪৫১৩১,<br>
ফ্যাক্স: +৮৮০২৯৫৭৭৩৪৪<br>
ই-মেইল:<br>
secretary@minland.gov.bd


বিতরণ:

০১। বিভাগীয় কমিশনার......................(সকল)।

অনুলিপি:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড/ ভূমি আপীল বোর্ড, ঢাকা।

০৩। জেলা প্রশাসক.............................(সকল)।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভমি মন্ত্রণালয়।

০৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব).....................(সকল)।

০৬। উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল)।

০৭। সহকারী কমিশনার (ভূমি)/রাজস্ব সার্কেল.......................(সকল)।